মন্ত্রিপরিষদ বিভাগের জুলাই ২০১৮ মাসের কার্যাবলি সম্পর্কিত প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: **মন্ত্রিপরিষদ বিভাগ**

প্রতিবেদনাধীন মাসের নাম: **জুলাই ২০১৮** প্রতিবেদন প্রস্তুতের তারিখ: **১৯ আগস্ট ২০১৮**

(১) প্রশাসনিক:

ক. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে)

সংস্থার স্তর	**অনুমোদিত পদ**	**পূরণকৃত পদ**	**শূন্যপদ**
মন্ত্রণালয়/বিভাগ: **মন্ত্রিপরিষদ বিভাগ**	৩৬০	২২৭	১৩৩
অধিদপ্তর/সংস্থা/সংযুক্ত অফিস: **দুর্নীতি দমন কমিশন**	১,২৭৪	৮৮৬	২৩৪
মোট	১,৬৩৪	১,১১৩	৩৬৭

ক. ২ শূন্যপদের বিন্যাস

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	**অতিরিক্ত সচিব/ তদূর্ধ্ব পদ**	**জেলা কর্মকর্তার পদ (যেমন ডিসি, এসপি)**	**অন্যান্য ১ম শ্রেণির পদ**	**২য় শ্রেণির পদ**	**৩য় শ্রেণির পদ**	**৪র্থ শ্রেণির পদ**	**মোট**
মন্ত্রিপরিষদ বিভাগ	-	-	১৯	২৩	৪৪	৪৭	১৩৩
দুর্নীতি দমন কমিশন	-	-	৫৭	৩৫	১৪২	-	২৩৪*
মোট	-	-	৭৬	৫৮	১৮৬	৪৭	৩৬৭

* সুপারনিউমারারি পদ ব্যতীত।

ক. ৩ অতীব গুরুত্বপূর্ণ (strategic) পদ শূন্য থাকলে তার তালিকা

ক্রমিক	**মন্ত্রণালয়/বিভাগ**	**গুরুত্বপূর্ণ শূন্যপদের নাম**	**গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা**	**মোট গুরুত্বপূর্ণ শূন্যপদের সংখ্যা**
১।	**মন্ত্রিপরিষদ বিভাগ**	-	-	-

ক. ৪ নিয়োগ/পদোন্নতি প্রদান

মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থা	**প্রতিবেদনাধীন মাসে পদোন্নতি**			**নতুন নিয়োগ প্রদান**			**মন্তব্য**
	কর্মকর্তা	কর্মচারী	মোট	কর্মকর্তা	কর্মচারী	মোট	
মন্ত্রিপরিষদ বিভাগ	০১	-	০১	-	-	-	০১ জন প্রশাসনিক কর্মকর্তা
দুর্নীতি দমন কমিশন	-	-	-	-	-	-	-

ক.৫ শূন্যপদ পূরণে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

খ. ১ ভ্রমণ/পরিদর্শন (দেশে-বিদেশে)

	মন্ত্রী		**প্রতিমন্ত্রী/উপমন্ত্রী**		**মন্ত্রিপরিষদ সচিব**		**মন্তব্য**
	দেশে	**বিদেশে**	**দেশে**	**বিদেশে**	**দেশে**	**বিদেশে**	
ভ্রমণ/পরিদর্শন (দিন)	-	-	-	-	২৯ জুলাই ২০১৮ তারিখ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের বোর্ড অব গভর্নরস সভায় যোগদান করেন। মোট ০১ দিন।	--	-
উন্নয়ন প্রকল্প পরিদর্শন (দিন)	-	-	-	-	-	-	
পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ (দিন)	-	-	-	-	-	-	

খ.২ উপরোক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: নাই।

(২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(৩) অর্থনৈতিক (কেবল অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(৪) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

ক. উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত প্রকল্পের নাম:

প্রকল্পের নাম	**বর্তমান অর্থ-বছরে এডিপিতে বরাদ্দ (কোটি টাকায়)**	**প্রতিবেদনাধীন মাস পর্যন্ত ব্যয়ের পরিমাণ (কোটি টাকায়) ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার**	**প্রতিবেদনাধীন মাসে নতুন প্রকল্প অনুমোদিত হয়ে থাকলে তার তালিকা**	**প্রতিবেদনাধীন মাসে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার তারিখ**	মন্তব্য
১	**২**	**৩**	**৪**	**৫**	**৬**
Social Security Policy Support (SSPS) Programme	ডিপিএ: ১১.৭৯ জিওবি: ০.১০	০.৩৬ (০৩.০২ শতাংশ)	-	-	-
Technical Support for CRVS System Improvement in Bangladesh-2nd phase	ডিপিএ: ২.৬৯ জিওবি: ০.৬৮ মোট: ৩.৩৭	০.১৩১৪ (৪ শতাংশ)	-	-	জানুয়ারি ২০১৮ থেকে শুরু হয়েছে

খ. প্রকল্পের অবস্থা সংক্রান্ত :

প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের তালিকা	প্রতিবেদনাধীন মাসে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসাবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো	আগামী দু'মাসের মধ্যে উদ্বোধন করা হবে এমন সমাপ্ত প্রকল্পের তালিকা
-	-	-	-

(৫) **উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে পূরণ করতে হবে):** প্রযোজ্য নয়।

(৬) **প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান:** প্রযোজ্য নয়।

(৭) **অডিট আপত্তি**

ক. অডিট আপত্তি সংক্রান্ত তথ্য

মন্ত্রণালয়/সংস্থার নাম	**অডিট আপত্তির সংখ্যা**	**টাকার পরিমাণ (লক্ষ টাকায়)**	**ব্রডশিটে জবাবের সংখ্যা**	**নিষ্পত্তির সংখ্যা**	**জের**	**মন্তব্য**
মন্ত্রিপরিষদ বিভাগ	০৭টি	০.২৩	-	-	৭টি	মন্ত্রিপরিষদ বিভাগে বর্তমানে কোন অডিট আপত্তি নেই। তবে ০৭টি অডিট আপত্তি সংক্রান্ত একটি মামলা রয়েছে (মামলা নম্বর ৭/২০০০), যা ঢাকার চতুর্থ সহকারী জজ আদালতে বিচারাধীন।
বিলুপ্ত বিভাগীয় উন্নয়ন বোর্ড ও বিলুপ্ত উপকূলীয় দ্বীপাঞ্চল উন্নয়ন বোর্ড	১৩টি	২৩৪.২৩	-	১	১৩টি	অর্থ বিভাগ কর্তৃক জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়।
দুর্নীতি দমন কমিশন	০৪টি	৬৮৬.৭৭	০৪	-	০৪টি	-
মোট	**২৪টি**	**৯২১.২৩**	**০৪**	**১**	**২৪টি**	**-**

খ. অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোন জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে-সব কেইসের তালিকা: **নেই।**

(৮) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা)

মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জিভূত মোট বিভাগীয় মামলা (প্রতিবেদনাধীন মাসের ১ তারিখে)	প্রতিবেদনাধীন মাসে শুরু হওয়া মামলার সংখ্যা	প্রতিবেদনাধীন মাসে মামলা নিষ্পত্তির সংখ্যা			অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা	বর্তমান অর্থ-বছরে মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা
		চাকরিচ্যুতি/বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি		
১	২	৩	৪	৫	৬	৭
*মন্ত্রিপরিষদ বিভাগ-০৩	-	-	-	-	৩	-
দুর্নীতি দমন কমিশন-১১	-	-	১	-	১০	০১
মোট ১৪	-	-	১	-	১৩	০১

*** প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপিলেট ট্রাইব্যুনালে চলমান মামলার সকল নথি এ বিভাগের আইন-১ শাখায় স্থানান্তর করা হয়।**

(৯) মানবসম্পদ উন্নয়ন

ক. প্রতিবেদনাধীন মাসে সমাপ্ত প্রশিক্ষণ কর্মসূচি:

মন্ত্রণালয়/ সংস্থা	ক্রমিক	প্রশিক্ষণ কর্মসূচির নাম	প্রশিক্ষণের মেয়াদ	উদ্যোগী সংস্থা/ এজেন্সির নাম	অংশগ্রহণকারীর সংখ্যা
১	২	৩	৪	৫	৬
মন্ত্রিপরিষদ বিভাগ	১।	Strengthening Government through Capacity Development of the BCS Cadre officials (Phase-II) শীর্ষক প্রোগ্রামে অংশগ্রহণ স্থান: যুক্তরাষ্ট্র	০১-১৪ জুলাই ২০১৮	জনপ্রশাসন মন্ত্রণালয়	একজন **যুগ্মসচিব**
দুর্নীতি দমন কমিশন		--	--	--	--

খ. মন্ত্রণালয়/অধিদপ্তরে কোন ইন্-হাউস প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার তার বর্ণনা: নেই

গ. প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণ বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোন সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

ঘ. মন্ত্রণালয়ে অন্-দ্য-জব ট্রেনিং (OJT)-এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্-দ্য-জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোন অসুবিধা আছে কি না: না

ঙ. প্রতিবেদনাধীন মাসে প্রশিক্ষণের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ২২জন।

(১০) **উল্লেখযোগ্য কার্যাবলি/সমস্যা-সংকট:**

ক. প্রতিবেদনাধীন মাসে নতুন আইন, বিধি ও নীতি প্রণীত হয়ে থাকলে তার তালিকা: নেই।

খ. প্রতিবেদনাধীন মাসে অতীব গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কার্যাবলি:

(১) মন্ত্রিসভার চারটি, সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির একটি সভা অনুষ্ঠিত হয়।

(২) চারটি মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠিত হয় এবং বৈঠকে ৩২টি সিদ্ধান্ত গৃহীত হয়। ২১টি সিদ্ধান্ত বাস্তবায়িত হয়। অবশিষ্ট ১১টি সিদ্ধান্ত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগে বাস্তবায়নাধীন রয়েছে।

(৩) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কিত ত্রৈ-মাসিক প্রতিবেদন (এপ্রিল-জুন ২০১৮) মন্ত্রিসভা-বৈঠকে উপস্থাপন করা হয়।

(৪) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সম্পর্কিত ছয়টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(৫) তথ্য অধিদপ্তর থেকে প্রাপ্ত পেপার কাটিংসমূহের মধ্যে গুরুত্বপূর্ণ কাটিংগুলি ২৩টি পত্রের মাধ্যমে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করা হয়।

(৬) সমরপুস্তকের ৪০ জন অভিরক্ষকের নিকট থেকে প্রাপ্ত প্রত্যয়নপত্র পাওয়া গেছে।

(৭) জুলাই-ডিসেম্বর ২০১৭ পর্যন্ত মেয়াদে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্তসমূহের সূচি প্রণয়ন করা হয়।

(৮) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান আয়োজন।

(৯) বিভাগী কমিশনারের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান আয়োজন।

(১০) ২৫ জুলাই ২০১৮ তারিখে সমন্বয় ও সংস্কার ইউনিটের ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের লক্ষ্যে প্রকল্প শাখার প্রয়োজনীয় তথ্যাদি এ ইউনিটের সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা বরাবর প্রেরণ করা হয়।

(১১) গোপনীয় ও তোশাখানা শাখার জনবল নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে।

(১২) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি জনাব মোঃ আবদুল হামিদ ০৭ জুলাই ২০১৮ তারিখে সরকারি সফরে লন্ডন, যুক্তরাজ্যের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন এবং ১৯ জুলাই ২০১৮ তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করেন। মহামান্য রাষ্ট্রপতির প্রস্থান ও প্রত্যাবর্তনকালে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে রাষ্ট্রাচারের দায়িত্ব যথাযথভাবে পালন করা হয়।

(১৩) গত ১৪ জুলাই ২০১৮ তারিখে নেদারল্যান্ডসে অনুষ্ঠিত প্রমীলা টি-টোয়েন্টি বিশ্বকাপের বাছাই পর্বের ফাইনালে বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল আয়ারল্যান্ডকে ২৫ রানে পরাজিত করে অপরাজিত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। এর ফলে এ বছর নভেম্বর মাসে ওয়েস্ট ইন্ডিজে অনুষ্ঠেয় টি-টোয়েন্টি বিশ্বকাপের মূল পর্বে খেলার যোগ্যতা অর্জন করে বাংলাদেশ নারী ক্রিকেট দল। এ গৌরবময় অর্জনের জন্য বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দলের সকল খেলোয়াড় ও কোচ এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ডের কর্মকর্তাবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়ে এবং বিজয়ের এই ধারা অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করে মন্ত্রিসভার ১৬ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত অভিনন্দন প্রস্তাব ১৮ জুলাই ২০১৮ তারিখের ২২৬ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৪) জনাব মোহাম্মদ মুসলিম চৌধুরী ১৯৮৪ ব্যাচে বাংলাদেশ সিভিল সার্ভিস (অডিট এন্ড একাউন্টস্) ক্যাডারে যোগদান করেন। সুদীর্ঘ কর্মজীবনের শুরুতে তিনি অডিট এন্ড একাউন্টস্ বিভাগের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেন। পরে তিনি সরকারের উপসচিব পদে যোগদান করেন এবং পর্যায়ক্রমে অর্থ বিভাগের যুগ্মসচিব ও অতিরিক্ত সচিব হিসাবে দায়িত্ব পালন করেন। জনাব মুসলিম চৌধুরী ৩ অক্টোবর ২০১৭ তারিখে সচিব হিসাবে অর্থ বিভাগে যোগদান করেন এবং অত্যন্ত যোগ্যতা ও দক্ষতার সঙ্গে অর্থসচিবের দায়িত্ব পালন করেন। তিনি প্রায় ৩২ বছর যাবৎ দক্ষতা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও জাতির কল্যাণে নিজেকে নিয়োজিত রেখেছেন। সরকারি কর্মকর্তা হিসাবে দীর্ঘকাল দেশের সেবায় গুরুত্বপূর্ণ অবদান রাখায় জনাব মুসলিম চৌধুরীকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানিয়ে, তাঁর ও তাঁর পরিবারের সকলের দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে এবং বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক হিসাবে দায়িত্ব পালনের ক্ষেত্রেও তিনি তাঁর পেশাগত দক্ষতার স্বাক্ষর রাখবেন মর্মে আশা প্রকাশ করে মন্ত্রিসভার ১৬ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত ধন্যবাদ প্রস্তাব ১৮ জুলাই ২০১৮ তারিখের ২২৭ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৫) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার প্রধান আইনজীবী অ্যাডভোকেট মো. সিরাজুল হকের একমাত্র কন্যা এবং বর্তমান সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জনাব আনিসুল হকের বড় বোন মিসেস সায়মা ইসলাম ৬৫ বছর বয়সে গত ১৫ জুলাই ২০১৮ তারিখে রাজধানীর একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মিসেস সায়মা ইসলামের মৃত্যুতে গভীর শোক প্রকাশ, মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করে মন্ত্রিসভার ১৬ জুলাই ২০১৮ তারিখের বৈঠকে গৃহীত শোকপ্রস্তাব ১৮ জুলাই ২০১৮ তারিখের ২২৮ সংখ্যক প্রজ্ঞাপন মারফত বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়।

(১৬) Technical Support for CRVS System Improvement in Bangladesh Phase-2 প্রকল্পের আওতায় Medical Certification of Cause of Death (MCCOD),Verbal Autopsy(VA), Startup Mortality List সংক্রান্ত প্রশিক্ষণ চলমান রয়েছে।

(১৭) Open CRVS এবং সিআরভিএস সংক্রান্ত লিগ্যাল রিভিউ কমিটির সভা আয়োজন করা হয়।

(১৮) সিআরভিএস সংক্রান্ত টেকনিক্যাল কমিটির একাধিক সভা আয়োজন করা হয়।
(১৯) সিআরভিএস সংক্রান্ত পাক্ষিক সমন্বয় সভা আয়োজন করা হয়।
(২০) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS)-এর আওতায় সামাজিক বিমা কর্মসূচি প্রণয়নের লক্ষ্যে কর্মশালা আয়োজনের জন্য কনসেপ্ট পেপারের খসড়া প্রস্তুত করণ;
(২১) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) সংক্রান্ত জেন্ডার পলিসির বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের মতামতের আলোকে পলিসি হালনাগাদকরণ করা হয়।
(২২) টেকসই উন্নয়ন অভীষ্টসমূহের বাস্তবায়ন সংক্রান্ত ডাটা পরিস্থিতি পর্যালোচনার নিমিত্ত সভার জন্য সামাজিক নিরাপত্তা কার্যক্রম বিষয়ক তথ্য উপস্থাপন করা হয়।
(২৩) বিভিন্ন মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা ফোকাল পয়েন্টগণের তালিকা এবং প্রাপ্ত অন্যান্য তথ্যাদির আলোকে এসএসপিএস প্রোগ্রামের ওয়েবসাইট হালনাগাদ করা হয়।
(২৪) ০২ জুলাই ২০১৮ তারিখে জাতীয় হজ ব্যবস্থাপনা কমিটি ও জাতীয় হজ ব্যবস্থাপনার নির্বাহী কমিটি গঠন করে প্রজ্ঞাপন জারি করা হয়।
(২৫) ২ জুলাই ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তাবায়নাধীন 'Platforms for Dialogue'-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের আওতায় তথ্য মন্ত্রণালয় ও বিভিন্ন প্রশিক্ষণ ইন্সটিটিউটের সঙ্গে MoU স্বাক্ষর ও চূড়ান্তকরণের নিমিত্ত কমিটি গঠন করা হয়।

(২৬) ৯ জুলাই ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তাবায়নাধীন 'Platforms for Dialogue' শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটির Project launch event-এর আয়োজনের নিমিত্ত বিভিন্ন কমিটি গঠন।

(২৭) ১২ জুলাই ২০১৮ তারিখে Hotel Radisson Blu, Water Garden-এ মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাস্তবায়িত 'Platforms for Dialogue' প্রজেক্ট launch করা হয়।

(২৮) ২৫ জুলাই ২০১৮ তারিখে সুশাসন অধিশাখার ২০১৭-১৮ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন তথ্য অধিকার শাখায় প্রেরণ করা হয়।

(২৯) সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের অফিসসমূহে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।

(৩০) ১৯ জুলাই ২০১৮ তারিখে কমলাপুর রেলওয়ে স্টেশনসহ অন্যান্য বিভাগীয় স্টেশনে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগের জন্য রেলপথ মন্ত্রণালয়কে নির্দেশনা প্রদান করা হয়।
(৩১) ২৫ জুলাই ২০১৮ তারিখে অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখার ২০১৭-১৮ অর্থ-বছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন তথ্য অধিকার শাখায় প্রেরণ করা হয়।
(৩২) ২৫ জুলাই ২০১৮ তারিখে জনাব আব্দুর রহমানের অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অভ্যন্তরীণ সম্পদ বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।
(৩৩) ২৫ জুলাই ২০১৮ তারিখে জনাব নাসির উদ্দিন খান-এর অভিযোগের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য জ্বালানি ও খানিজ সম্পদ বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।
(৩৪) গত ২২ জুলাই ২০১৮ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে খাদ্যে ভেজাল প্রতিরোধের লক্ষ্যে গঠিত উপকমিটির সভা সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান বরাবর প্রেরণ করা হয়েছে এবং গত ০২ আগস্ট ২০১৮ তারিখে উক্ত উপকমিটির সভা অনুষ্ঠিত হয়।
(৩৫) ০২ জুলাই ২০১৮ তারিখে তথ্য অধিকার পরিকল্পনা-সভা আয়োজন সংক্রান্ত পত্র বিভাগীয় কমিশনার রাজশাহী/খুলনা এবং নির্বাহী পরিচালক, Management and Resources Development Initiative (MRDI) বরাবর প্রেরণ করা হয়েছে এবং ১৮ জুলাই ২০১৮ জেলাপ্রশাসকের কার্যালয়, বগুড়া ও ৩১ জুলাই ২০১৮ জেলাপ্রশাসকের কার্যালয়, যশোর-এ উক্ত সভা অনুষ্ঠিত হয়।
(৩৬) ১৫ জুলাই ২০১৮ তারিখে জাতীয় শোক দিবস ২০১৮ পালন উপলক্ষে ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটির সভা আহ্বান সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ বরাবর প্রেরণ করা হয়েছে এবং ১৭ জুলাই ২০১৮ তারিখে উক্ত সভা অনুষ্ঠিত হয়।
(৩৭) ১০ জুলাই ২০১৮ তারিখে জেলা-ব্র্যান্ডিং কার্যক্রমের আওতায় তৈরিকৃত ব্র্যান্ড-বুক মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য সকল জেলা প্রশাসককে অনুরোধ জানিয়ে একটি পত্র প্রেরণ করা হয়।
(৩৮) ১৭ জুলাই ২০১৮ তারিখে ই-নথি সিস্টেমের মাধ্যমে জারিকৃত পত্রসমূহ নিরীক্ষাসহ সকল দাপ্তরিক কাজে গ্রহণযোগ্য মর্মে বিবেচনা করার জন্য কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল-এর কার্যালয়সহ সকল মন্ত্রণালয়/বিভাগে একটি পত্র প্রেরণ করা হয়।

(৩৯) ৩১ জুলাই ২০১৮ তারিখে সরকারি পর্যায়ে বর্তমান চলমান ও ভবিষ্যৎ ডিজিটাইজেশন কার্যক্রম BDS 1520:2018, BDS 1738:2018 এবং BDS 1935:2018 মান ব্যবহারের নিমিত্ত সকল মন্ত্রণালয়/বিভাগ/সরকারি প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদানের জন্য বিস্তারিত ও সহজবোধ্য একটি Concept Note (ধারনা পত্র) প্রেরণ করার জন্য সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ জানিয়ে একটি পত্র প্রেরণ করা হয়।

(৪০) ০২ জুলাই ২০১৮ তারিখ সারাদেশে উদ্ভাবন কার্যক্রমকে আরও অধিক সূচারুরূপে বাস্তবায়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/ বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/ দপ্তরের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯ এবং নির্দেশিকা, ২০১৮-২০১৯ প্রণয়ন করে সকল সিনিয়র সচিব/সচিব বরাবর প্রেরণ করা হয়।

(৪১) ১৫ জুলাই ২০১৮ তারিখ ০৩ অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও ৩৩টি জেলার অতিরিক্ত জেলা প্রশাসকগণের অংশগ্রহণে জেলা ও উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন-বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

(৪২) ২৯ জুলাই ২০১৮ তারিখ ০৫ অতিরিক্ত বিভাগীয় কমিশনার ও ৩১টি জেলার অতিরিক্ত জেলা প্রশাসকগণের অংশগ্রহণে জেলা ও উপজেলা পর্যায়ের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন-বিষয়ক পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়।

(৪৩) জুলাই ২০১৮ মাসে ০৩-০৭-২০১৮ এবং ২২-০৭-২০১৮ তারিখে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির ০১টি সভা অনুষ্ঠিত হয়। এ ছাড়া, ৩০-০৭-২০১৮ তারিখে অতিরিক্ত সচিব (সমন্বয়)-এর সভাপতিত্বে জানুয়ারি-জুন ২০১৭ সালে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

(৪৪) মন্ত্রণালয়/বিভাগসমূহের ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান আয়োজন।

(৪৫) বিভাগীয় কমিশনারের কার্যালয়ের ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান আয়োজন।

(৪৬) ০৪ জুলাই ২০১৮ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ৫১টি মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব এবং মন্ত্রিপরিষদ সচিবের মধ্যে ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসপাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সম্পন্ন হয়।

(৪৭) ২৩ জুলাই ২০১৮ তারিখ ৮টি বিভাগের বিভাগীয় কমিশনার এবং মন্ত্রিপরিষদ সচিবের মধ্যে ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসপাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

(৪৮) ০৪ জুলাই ২০১৮ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে ৫১টি মন্ত্রণালয়/বিভাগের সিনিয়র সচিব/সচিব এবং মন্ত্রিপরিষদ সচিবের মধ্যে ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসপাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সম্পন্ন হয়।

(৪৯) ২৩ জুলাই ২০১৮ তারিখ ৮টি বিভাগের বিভাগীয় কমিশনার এবং মন্ত্রিপরিষদ সচিবের মধ্যে ২০১৮-১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসপাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

(৫০) ২৬ জুলাই ২০১৮ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের ২০১৭-১৮ অর্থবছরে জুন ২০১৮ পর্যন্ত সমাপ্ত প্রকল্পের তালিকা প্রেরণ সংক্রান্ত পত্রটি সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা ১২০৭ বরাবর প্রেরণ করা হয়।

(৫১) ২৫ জুলাই ২০১৮ তারিখে জাপানী অর্থ বছর ২০১৯-এ জাপানী কারিগরি সহায়তায় বাস্তবায়নযোগ্য প্রকল্প প্রস্তাব প্রেরণ সংক্রান্ত পত্রটি এবিভাগের সকল অনুবিভাগ প্রধান বরাবর প্রেরণ করা হয়।

(৫২) মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের সভাপতিত্বে 'Technical Assistance for Promoting Nutrition Sensitive Social Security Programmes'-শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের প্রকল্প পর্যালোচনার নিমিত্ত 'প্রকল্প যাচাই কমিটি'-এর সভা অনুষ্ঠিত হয়।

(৫৩) ১১ জুলাই ২০১৮ তারিখে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)-এর নির্ধারিত ছকে প্রকল্পসমূহের জুন ২০১৮ মাসের মাসিক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত পত্রটি মন্ত্রিপরিষদ বিভাগের সকল প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়।

(৫৪) জুলাই ২০১৮ মাসে এ বিভাগের বিভিন্ন অনুবিভাগ/অধিশাখা/শাখা থেকে প্রাপ্ত ৮৫ টি তথ্য ওয়েবসাইটে আপলোড/হালনাগাদ করা হয়।

(৫৫) ন্যাশনাল ই-সার্ভিস সিস্টেম (নেস) এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের (ইউডিসি) ড্যাশবোর্ডমনিটরিং করা হচ্ছে এবং জুন ২০১৮ মাসের কার্যক্রমের প্রতিবেদন প্রস্তুত করে বিভাগীয় কমিশনারদের সমন্বয় সভায় উপস্থাপনের জন্য জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগে প্রেরণ করা হয়।

(৫৬) ই-ফাইলিং কার্যক্রমে প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।

(৫৭) ইনফরমেশন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট সিস্টেম ব্যবহার করে এফসিআর প্রেরণ এবং প্রস্তুতসংক্রান্ত কাজে বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসক-এর কার্যালয় এবং এ বিভাগের মাঠ প্রশাসন সংযোগ অধিশাখায় প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।

(৫৮) এ বিভাগের সকল কর্মকর্তার ই-মেইল একাউন্ট এবং গ্রুপ মেইল একাউন্ট সচল রাখতে প্রযুক্তিগত সহায়তা প্রদান করা হয়।

(৫৯) দুটি ভিডিও কনফারেন্সে কারিগরি সহায়তা করা হয়।

(৬০) ০৮ জুলাই ২০১৮ তারিখ উত্তম চর্চা (Best Practices) বিষয়ক প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়।

(৬১) ১১ জুলাই ২০১৮ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগের কর্মকর্তাগণের বৈদেশিক প্রশিক্ষণ/শিক্ষা সফর শেষে দাখিলকৃত প্রতিবেদনের কপি এ শাখায় প্রেরণ সংক্রান্ত পত্র সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়।

(৬২) ১৫ জুলাই ২০১৮ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগের গবেষণা শাখার ২০১৭-১৮ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন সংক্রান্ত পত্র এ বিভাগের সিনিয়র সহকারী সচিব, তথ্য অধিকার শাখা, সংস্কার অনুবিভাগ বরাবর প্রেরণ করা হয়।

(৬৩) ১৬ জুলাই ২০১৮ তারিখ জাতীয় শুদ্ধাচার কৌশল সহায়তা প্রকল্পের পরিচালিত গবেষণাসমূহের চূড়ান্ত প্রতিবেদনের ছায়ালিপি এ বিভাগের উপসচিব, শুদ্ধাচার অধিশাখা বরাবর প্রেরণ করা হয়।

(৬৪) মোবাইল নম্বর ক্লোন করা সর্ম্পকে অবহিতকরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ এবং চেয়ারম্যান, বিটিআরসি বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৫) নাটোর জেলার মারকাজ মসজিদ কেন্দ্রিক সমস্যা সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়; সচিব, জননিরাপত্তা বিভাগ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৬) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে এপ্রিল ২০১৮ মাসে অনুষ্ঠিত আইনশৃঙ্খলা এবং জননিরাপত্তা বিভাগ সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৭) টংগী এলাকায় মাদকের গডফাদারদের তথ্য সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৮) রংপুর জেলা প্রশাসকের কার্যালয়ের জেএম শাখা হতে আগ্নেয়াস্ত্রের ভূয়া লাইসেন্স ইস্যু সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৬৯) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেটগণের জন্য ১৫ দিনের রিফ্রেশার কোর্সের আয়োজন সংক্রান্ত বিষয়ে আয়োজন করার জন্য রেক্টর, বিসিএস প্রশাসন একাডেমি বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭০) জুন ২০১৮ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত অনুয়ায়ী মে ২০১৮ মাসের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের মামলার তথ্য যথাসময়ে আপলোড না করার কারণ ব্যাখ্যাকরণ সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসক, পটুয়াখালী,চট্টগ্রাম ও জামালপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭১) জুন ২০১৮ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত অনুয়ায়ী মে ২০১৮ মাসের এক্সিকিউভি ম্যাজিস্ট্রেট আদালতের মামলার তথ্য যথাসময়ে আপলোড না করার কারণ ব্যাখ্যাকরণ সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসক, ঝালকাঠি, চট্টগ্রাম ও জামালপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭২) জুন ২০১৮ মাসের বিভাগীয় কমিশনার সমন্বয় সভার সিদ্ধান্ত অনুয়ায়ী মে ২০১৮ মাসের এক্সিকিউভি ম্যাজিস্ট্রেট আদালতের মামলার তথ্য যথাসময়ে আপলোড না করার কারণ ব্যাখ্যাকরণ সংক্রান্ত বিষয়ে জেলা প্রশাসক, বান্দরবান, শরীয়তপুর ও মেহেরপুর বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৩) রাঙ্গামাটি পার্বত্য জেলার নানিয়ারচর উপজেলায় ১৪ জন ব্যক্তি অপহরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৪) ০৭.০৫.২০১৮ তারিখে 'দৈনিক আমার কাগজ' পত্রিকায় "কক্সবাজার জেলা কারাগারে দুর্নীতি-অনিয়ম বন্ধ হয়নি" শিরোনামে প্রকাশিত প্রতিবেদন বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৫) শিশু আইন ২০১৩ অনুযায়ী নির্ধারিত ছকে তথ্য প্রেরণ সংক্রান্ত বিষয়ে তথ্য প্রেরণের জন্য সকল বিভাগীয় কমিশনার, সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৬) জনাব মো: শফিকুল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাঁপাইনবাবগঞ্জ এর আকস্মিক মৃত্যু সংক্রান্ত বিষয়ে তদন্ত প্রতিবেদন প্রেরণের জন্য সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৭) খাদ্যে ভেজাল প্রতিরোধ সংক্রান্ত উপকমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৮) বিভাগীয় কমিশনারগণের সঙ্গে জুন ২০১৮ মাসে অনুষ্ঠিত আইনশৃঙ্খলা এবং জননিরাপত্তা বিভাগ সম্পর্কিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সকল বিভাগীয় কমিশনার ও সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৭৯) উপজেলা নির্বাহী কর্মকর্তা, শরীয়তপুর সদর কর্তৃক মোবাইল ফোনে হত্যার হুমকি প্রদান করায় সাংবাদিক, পেশাজীবী ও ছাত্রদের মানববন্ধন, স্মারকলিপি পেশ ও মিছিল সংক্রান্ত বিষয়ে তদন্তপূর্বক একটি প্রতিবেদন প্রেরণের জন্য জেলা প্রশাসক, শরীয়তপুর ও বিভাগীয় কমিশনার, ঢাকা বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৮০) মাননীয় জাতীয় সংসদ সদস্য, কুষ্টিয়া-৩ ও বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক জনাব মাহবুবুল আলম হানিফকে বহনকারী গাড়ির সাথে ট্রাকের সংঘর্ষের ঘটনার প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, জননিরাপত্তা বিভাগ এবং সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৮১) দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী জুলাই ২০১৮ মাসে সরকারি কর্মকর্তা/কর্মচারীদের মামলায় ১০ জনের বিষয়ে অনুসন্ধানে নথিভুক্তির মাধ্যমে নিষ্পত্তি করা হয়েছে এবং উল্লিখিত বিষয়ে অবগত করে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়।

(৮২) দুর্নীতি দমন কমিশনে কমিশনারের একটি পদে নিয়োগ প্রদান করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে এবং একজন কর্মকর্তাকে কমিশনার-এর একান্ত সচিব পদে প্রেষণে দুর্নীতি দমন কমিশনে যোগদানের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জ্ঞাপন করা হয়।

(৮৩) বিভিন্ন আইনে ৬১ (একষট্টি) জন কর্মকর্তাকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট-এর ক্ষমতা এবং মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা/ডেপুটি কমিশনারের ক্ষমতা অর্পণ করা হয়।

(৮৪) রাষ্ট্রদূতগণের জেলা পরিদর্শন সংক্রান্ত: বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের রাষ্ট্রদূতগণের বিভিন্ন জেলা সফরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে পত্র দেওয়া হয়।

(৮৫) মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব, ড. মোঃ মুশফিকুর রহমান কর্তৃক গত ১৯ এপ্রিল ২০১৮ তারিখে রাঙ্গামাটি সদর; জনাব মোঃ আব্দুল বারিক কর্তৃক ১৯ এপ্রিল ২০১৮ থেকে ২০ এপ্রিল ২০১৮ মেয়াদে রাঙ্গামাটি পার্বত্য এবং উপসচিব, জনাব মোহাম্মদ শহিদুল ইসলাম কর্তৃক গত ১৪ মে ২০১৮ তারিখে চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলা এবং জনাব মোহাম্মদ কায়কোবাদ খন্দকার কর্তৃক ১৬ মে ২০১৮ তারিখে ভোলা জেলার সদর উপজেলা পরিদর্শন করে দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগকে পত্র দেওয়া হয়।

(৮৬) বিবেচ্য মাসে মাঠ প্রশাসনে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের ০৮ জন কর্মকর্তার বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেছে। পূর্বে প্রাপ্ত অভিযোগসমূহের মধ্যে ০৯ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত না হওয়ায় নথিজাত এবং ০১ জন কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় বিভাগীয় মামলা রুজুর জন্য মন্ত্রিপরিষদ বিভাগের সম্মতি জনপ্রশাসন মন্ত্রণালয়কে জানিয়ে দেওয়া হয়।

(৮৭) ২৪-২৬ জুলাই ২০১৮ মেয়াদে তিন দিনব্যাপী জেলা প্রশাসক সম্মেলন অনুষ্ঠিত।

(৮৮) জেলা পর্যায়ে 'সাংস্কৃতিক উৎসব' আয়োজন সংক্রান্ত সভার কার্যবিবরণী সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

(৮৯) রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের ২য় ইউনিটের First Concrete Pouring (PCD) অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতি সংক্রান্ত পত্র জেলা প্রশাসক, পাবনা বরাবর প্রেরণ করা হয়।

(৯০) প্রতিটি জেলায় 'সাংস্কৃতিক উৎসব' আয়োজন কর্মসূচি বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯১) মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য জননিরাপত্তা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯২) 'জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৮' উদ্‌যাপনের জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯৩) জেলা ও উপজেলা পর্যায়ে পুষ্টি সমন্বয় কমিটিতে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের অন্তর্ভুক্তিতে সম্মতি প্রদানপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯৪) মহেশখালীতে বন্দর সংযোগ সড়কের নকশা আংশিক পরিবর্তন সংক্রান্ত পত্র জেলা প্রশাসক, কক্সবাজার বরাবর প্রেরণ করা হয়।

(৯৫) রেজিস্ট্রেশনবিহীন প্রতিষ্ঠান থেকে শ্রমিক/কর্মী নিয়োগ না দেওয়ার জন্য সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯৬) জাতীয় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষ মেলা, ২০১৮ এবং মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী ৩০ লক্ষ শহিদের স্মরণে সারাদেশে একযোগে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৩০ লক্ষ বৃক্ষরোপন কর্মসূচি বাস্তবায়নের জন্য সকল বিভাগীয় কমিশনার এবং জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯৭) ৩৮তম বিসিএস এবং ৩৯তম বিশেষ বিসিএস পরীক্ষা গ্রহণে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯৮) পবিত্র ঈদ-উল-আযহা ২০১৮ উদ্‌যাপন উপলক্ষ্যে কুরবানি পশুর হাটে ভেটেরিনারি সেবা প্রদানের জন্য সকল জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়।

(৯৯) জেলা পানি সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা কমিটি গঠন সংক্রান্ত পত্র সকল জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়।

গ. আগামী (আগস্ট-সেপ্টেম্বর) দুই মাসে সম্পাদ্য অতীব গুরুত্বপূর্ণ কাজের তালিকা:

(১) প্রতি সোমবার মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠিত হয়ে থাকে। সে মোতাবেক আগামী দুই মাসে আটটি মন্ত্রিসভা-বৈঠক অনুষ্ঠান।

(২) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন-অগ্রগতি পর্যালোচনার জন্য ১২টি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠান।

(৩) ১৯৯০ সালে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ/উপদেষ্টা পরিষদ-বৈঠকের কার্যবিবরণী, সারসংক্ষেপ ও বিজ্ঞপ্তির মূলকপিসমূহের মোট নয় খণ্ড রেকর্ড ন্যাশনাল আরকাইভসে হস্তান্তরের জন্য উপস্থাপিত সারসংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন করায় পরবর্তী কার্যক্রম গ্রহণ।

(৪) Technical Support for CRVS System Improvement in Bangladesh Phase-2 প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করা।

(৫) Open CRVS বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

(৬) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণলয় এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সঙ্গে যৌথভাবে সামাজিক বিমা সংক্রান্ত একটি ওয়ার্কশপ আয়োজন;

(৭) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর কর্মপরিকল্পনার মোড়ক উম্মোচন এবং সামাজিক নিরাপত্তা বিষুয়ক কনফারেন্স আয়োজন;

(৮) জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল (NSSS) সংক্রান্ত জেন্ডার পলিসির খসড়া বাংলায় অনুবাদপূর্বক প্রকাশনা;

(৯) সামাজিক নিরাপত্তা কৌশল এর কর্মপরিকল্পনা এবং অন্যান্য বিষয় সম্পর্কে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের জন্য অবহিতকরণ সভা আয়োজন;

(১০) উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের জন্য অবহিতকরণ কর্মশালার প্রতিবেদন মুদ্রণকাজ সম্পন্নকরণ;

(১১) বিভাগ, জেলা ও উপজেলা সামাজিক নিরাপত্তা কমিটিসমূহের প্রজ্ঞাপন মুদ্রণ এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিতকরণ।

(১২) জাতীয় পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠিত হতে পারে।

(১৩) আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থায় বাংলাদেশ কর্তৃক চাঁদা প্রদান সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্টিত হতে পারে।

(১৪) মন্ত্রিসভা কমিটি/পরিষদ/কমিশন/অন্যান্য কমিটি গঠন/পুনর্গঠন করা হতে পারে।

(১৫) প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভা।

(১৬) মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর/সংস্থার পদ সৃষ্টি, বিলুপ্তি ইত্যাদি বিষয় সম্পর্কিত নীতি ও পদ্ধতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা।

(১৭) ২ আগস্ট ২০১৮ মাসে নতুন উপজেলা ও থানা স্থাপন সংক্রান্ত সচিব কমিটির সভা অনুষ্ঠিত হবে।

(১৮) টাস্কফোর্সের ১৮৮ তম সভা অনুষ্ঠিত হতে পারে।

(১৯) সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠিত হতে পারে।

(২০) অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভা অনুষ্ঠিত হতে পারে।

(২১) ১১৬তম নিকার সভা অনুষ্ঠিত হতে পারে।

(মুহাম্মদ আসাদুল হক)
উপসচিব
ফোন: ৯৫৫৭৪৪৯
e-mail: report_sec@cabinet.gov.bd